

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৪.২০-৮২

০৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
তারিখ:-----।  
২০ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার (সংযুক্ত কর্মকর্তা, জেলা রেজিস্ট্রারের কার্যালয়, চুয়াডাঙ্গা) জনাব মোঃ মামুন বাবর এর বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসে সাব-রেজিস্ট্রার হিসেবে কর্মরত থাকাকালীন অনিয়ম, স্বেচ্ছচারিতা এবং প্রায়শ; অফিসে দেরিতে আসার কারণে চরম জনদূর্ভোগ সৃষ্টি হচ্ছে মর্মে অভিযোগের প্রেক্ষিতে গত ৩১-১২-২০২০ খ্রি. তারিখে সরেজমিনে তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ২১-০১-২০২১ খ্রি. তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, তিনি নিয়মিত অফিসে আসেন না বরং প্রায়ই অফিসে অনুপস্থিত থাকেন। উপরোক্ত যেদিন অফিসে আসেন সেদিন সময়মত অফিসে বসেন না; একারণে সেবা প্রত্যাশি জনগণের চরম দূর্ভোগের সৃষ্টি হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগে ০১/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করত: কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মামুন বাবর ২০-০৬-২০২১ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে গত ১৪-০৯-২০২১ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ২৩-০৫-২০২২ খ্রি, তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে অনুপস্থিতসহ সময়মত অফিসে না আসা এবং এতে জনদূর্ভোগ সৃষ্টির বিষয়ে গঠিত অভিযোগটি সঠিক এবং উপস্থিত সাক্ষীদের জবান বন্দীতে প্রদত্ত বক্তব্যে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) বা বিধিতে বর্ণিত কোনো দণ্ড প্রদান করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মামুন বাবর গত ২০-০৭-২০২২ খ্রি. তারিখে দাখিলকৃত কারণ দর্শানোর নোটিশে সন্তোষজনক জবাব প্রদান করতে না পারায় এবং তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪ এর (২)(ঘ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' এর সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার (সংযুক্ত কর্মকর্তা, জেলা রেজিস্ট্রারের কার্যালয়, চুয়াডাঙ্গা) জনাব মোঃ মামুন বাবর এর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০২১ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে উক্ত বিধিমালার বিধি ৪ এর (২)(ঘ) মোতাবেক তাঁকে 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' দণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০৪.২০-৮২

তারিখ: ২০-০২-২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয় এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা।
- ০৭। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ০৮। জনাব মোঃ মামুন বাবর, প্রাক্তন সাব-রেজিস্ট্রার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা (বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, জেলা রেজিস্ট্রার এর কার্যালয়, চুয়াডাঙ্গা)।
- ০৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।

(মো: শফিউল আলম)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫২১৭২